



জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার ঢাকা

পত্র সংখ্যা : রেজি/প্রশাসন-২/৪৩৫৬

তারিখ : ১৮-০১-২০২২

নিয়োগ বিজ্ঞপ্তি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের নিম্নেবর্ণিত পদটি পূরণের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

নং	পদের নাম ও বেতনস্কেল	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১।	প্রশাসনিক অফিসার ওয়াজেদ মিয়া বিজ্ঞান গবেষণা কেন্দ্র জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী বেতনক্রম : ২২,০০০-৫৩,০৬০/- পদ সংখ্যা ১টি	ক) শিক্ষাজীবনের সকল পর্যায়ে ন্যূনতম ২য় শ্রেণি/ বিভাগ/সিজিপিএ ২.৫ ও স্নাতক (সম্মান)সহ স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। শিক্ষাজীবনের কোনো পর্যায়ে সিজিপিএ ২.৫-এর নিচে/৩য় শ্রেণি গ্রহণযোগ্য নয়। কম্পিউটার ব্যবহারের অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে।

- ২। অধিকতর যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে যে কোনো শর্ত শিথিলযোগ্য।
- ৩। উপরোক্ত পদের জন্য প্রার্থীদের নিম্নস্বাক্ষরকারীর অফিস হতে প্রাপ্তব্য নির্ধারিত ফর্মে ১০ (দশ) কপি দরখাস্ত, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সকল সার্টিফিকেটের সত্যায়িত কপি প্রতি সেটের সাথে সংযুক্ত করতঃ রেজিস্ট্রারের অনুকূলে অগ্রণী ব্যাংকের যে কোনো শাখা হতে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় শাখার উপর ইস্যুকৃত ৬০০/- (ছয়শত) টাকার ব্যাংক ড্রাফট (ফেরতযোগ্য নহে) অথবা অগ্রণী ব্যাংকের বিবিধ জমা রশিদের মাধ্যমে ৬০০/- (ছয়শত) টাকা অগ্রণী ব্যাংক জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস শাখার সিডি-৬৮ নং হিসাবে জমা দিয়ে উক্ত জমা রশিদ এবং ২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবিসহ দশ কপি দরখাস্ত আগামী ০২-০২-২০২২ তারিখের মধ্যে রেজিস্ট্রার বরাবর সরাসরি হার্ডকপি এবং সফট কপি রেজিস্ট্রারের ই-মেইল registrar@juniv.edu-তে প্রেরণ করতে হবে।
- ৪। রেজিস্ট্রার বরাবর ৬ (ছয়) টাকা মূল্যের ডাকটিকেটসহ নিজের নাম, ঠিকানা লিখিত ১০"×৪" সাইজের খাম পাঠিয়ে উপরোক্ত পদের জন্য আবেদন ফরম (অফিস বন্ধের দিন ব্যতীত অন্যান্য দিন অফিস চলাকালীন সময় সকাল ৮:৩০ ঘটিকা হতে বিকাল ৪-০০ ঘটিকা পর্যন্ত) রেজিস্ট্রার অফিস থেকে সংগ্রহ করা যাবে। বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.juniv.edu থেকেও নির্ধারিত ফরম ডাউনলোড করে আবেদন করা যাবে।
- ৫। চাকুরিরত প্রার্থীকে অবশ্যই স্ব-স্ব কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- ৬। নির্ধারিত তারিখের পর প্রাপ্ত ও অসম্পূর্ণ দরখাস্ত সরাসরি বাতিল বলে গণ্য হবে।

ডিজি-১৩৬/২২ (৬"×৩)

স্বাক্ষর/- রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)